

শেখ হাসিনার মমতা,  
বয়স্কদের জন্য নিয়মিত ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
পদোন্নতি সেল  
সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা  
www.dss.gov.bd



স্মারক নং- ৪১.০১.০০০০.০০৯.১২.১৭২.২২. ২০২

তারিখ: ২২-০৯-২০২২ খ্রি:

বিষয়: সমাজকর্মী (ইউনিয়ন/পৌর/ মহল্লা লেভেল ওয়র্কার) পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে কারিগরি প্রশিক্ষক (উপজেলা), ট্রেড ইন্সট্রাক্টর (সেফ হোম) বা চতুর্থ শ্রেণীর কোন পদে কর্মরত পদধারীদের গ্রেডেশন তালিকা চূড়ান্ত অনুমোদনের পূর্বে ওয়েবসাইটে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতর(গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগবিধি, ২০১৩ অনুযায়ী সমাজকর্মী(ইউনিয়ন/পৌর/ মহল্লা লেভেল ওয়র্কার) পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে ফিডার পদধারী হিসেবে কারিগরি প্রশিক্ষক (উপজেলা), ট্রেড ইন্সট্রাক্টর (সেফ হোম) বা চতুর্থ শ্রেণীর কোন পদে কর্মরত কর্মচারীদের গ্রেডেশন তালিকা ছিল। ইতোমধ্যে অনেক পদধারী পদোন্নতি, অবসর ও মৃত্যুজনিত কারণে গ্রেডেশন তালিকাটি হালনাগাদ করা হয়েছে। হালনাগাদকৃত গ্রেডেশন তালিকাটি অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

প্রণীত গ্রেডেশন তালিকাটি কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পূর্বে ১৪ কলামের বর্ণিত তথ্যাদি সঠিক আছে কিনা বা উপযুক্ত কেহ বাদ পড়ে থাকলে এবং তালিকাটির ওপর কোন কর্মচারির আপত্তি, অভিযোগ, পরামর্শ থাকলে প্রমাণাদিসহ বর্ণিত ছক মোতাবেক আগামী ২৭.০৯.২০২২ তারিখের মধ্যে জনাব মো: সাইফুর রহমান, সমাজসেবা অফিসার, অডিট ও পদোন্নতি সেল, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা ঠিকানায় সরাসরি অথবা ডাকযোগে/ কুরিয়ার সার্ভিস যোগে এবং সহকারি পরিচালক(প্রশাসন-২) ই-মেইল নং- ad.admin2@dss.gov.bd তে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে আপত্তি/ মতামত পাওয়া না গেলে প্রণীত হালনাগাদ গ্রেডেশন তালিকাটি যথাযথভাবে প্রণীত হয়েছে মর্মে বিবেচিত হবে।

গ্রেডেশন তালিকায় নাম অন্তর্ভুক্তকরণ ছক

ক্র/ন	কর্মচারির নাম পদবী ও বর্তমান কর্মস্থল	জন্ম তারিখ	শিক্ষাগত যোগ্যতা, শিক্ষাগত যোগ্যতা অর্জনের সন	প্রারম্ভিক পদের নাম, উক্ত পদে যোগদানের তারিখ (সুপারিশের ক্রমানুসারে)	বর্তমানে কর্মরত পদের নাম, এ পদে যোগদানের তারিখ	প্রকল্পে নিয়োগপ্রাপ্ত হয়ে থাকলে প্রকল্পে যোগদানের তারিখ ও পদের নাম
১	২	৩	৪	৫	৬	৭

প্রকল্পে নিয়োগপ্রাপ্তদের ক্ষেত্রে কমিশন/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণের তারিখ ও প্রামাণিক দলিল	প্রকল্পের পদ রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদে নিয়োগের তারিখ	এডহক নিয়োগপ্রাপ্ত হলে এডহক নিয়োগের তারিখ (পদের নামসহ)	এডহক নিয়োগ হলে কমিশন/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণের তারিখ এবং প্রামাণ্যবিধির উল্লেখসহ	আত্মীকৃত প্রার্থীর ক্ষেত্রে পূর্বের চাকরির প্রকৃতি, কালানুক্রমিক ও আত্মীকরণের তারিখ	ফিডার পদে বাস্তুব/প্রকৃত যোগদানের তারিখ	মন্তব্য
৮	৯	১০	১১	১২	১৩	১৪

উল্লেখ্য বর্ণিত সময়ের মধ্যে চাহিত তথ্যাদি পাঠাতে ব্যর্থতার কারণে গ্রেডেশন তালিকা হতে কেহ বাদ পড়লে এ অফিস দায়ী থাকবে না।

প্রমাণাদি:

- ১। নিয়োগপত্রের ফটোকপি (সত্যায়িত)।
- ২। প্রথম কাজে যোগদানপত্রের ফটোকপি (সত্যায়িত)।
- ৩। নিয়মিতকরণ/স্থায়ীকরণ আদেশ/ পদায়ন আদেশ (প্রযোজ্যক্ষেত্রে) ফটোকপি (সত্যায়িত)।
- ৪। শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট এর ফটোকপি (সত্যায়িত)।  
(সকল কাগজপত্র সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে)

পরিচালক

বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)

স্মারক নং ৪১.০১.০০০০.০০৯.১২.১৭২.২২. ২০২

সদয় জ্ঞাতার্থে:

- ১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ২। পরিচালক(কার্যক্রম/ প্রতিষ্ঠান/ সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)..... বিষয়টি তাঁর অধীন সকল কার্যালয়/ প্রতিষ্ঠানে অবহিত করে ফিডার পদধারী কর্মচারীদের উল্লেখিত তথ্যাদি নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণের দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। উপপরিচালক(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও গণসংযোগ) সমাজসেবা অধিদফতর, ঢাকা। তাঁকে পত্রটি সহ তালিকাটি সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫। অফিস নথি।

সৈয়দ মো: নূরুল বাসির  
পরিচালক(প্রশাসন ও অর্থ)  
ফোন: ০২-৫৫০০৭০২২

তারিখ: ২২-০৯-২০২২ খ্রি:

স্বপন  
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন: ৯১৩৮০২২০